


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ১৬ মে/২০২১ তারিখ এ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেনস চার্টার পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণের আলোকে প্রতিবেদন নিম্নরূপ:

পরিবীক্ষণকৃত বিষয়সমূহ:

- সেবা প্রদান প্রতিশ্রুতির শুরুতে ভূমিকার মত একটি অংশ যুক্ত করা হয়েছে। প্রকৃতপক্ষে এ অংশটুকু যোগ করার প্রয়োজন নেই;
- নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবাসমূহ পর্যালোচনায় দেখা যায় যে, দৈনন্দিন কাজসমূহকে সেবা হিসেবে দেখানো হয়েছে। যেমন: পরিকল্পনা ও অন্যান্য শাখার সঙ্গে সমন্বয় করে KPI নির্ধারণ, মধ্যমেয়াদী বাজেট প্রণয়ন, বাজেট বক্তৃতার জন্য অগ্রগতি প্রতিবেদন প্রেরণ, পোনা ও বিল নার্সারির জন্য ডিও পত্র সংরক্ষণ ও উপস্থাপন, জাটকা সংরক্ষণ সপ্তাহের বরাদ্দ সমন্বয়, খসড়া নীতিমালার বিষয়ে মতামত, জাতীয় মৎস্য পুরস্কার কার্যক্রম, সামুদ্রিক মৎস্য সম্পদ ব্যবস্থাপনার জন্য দেশি-বিদেশি প্রতিষ্ঠানের সাথে সমন্বয়, জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন, লোকাল এরিয়া নেটওয়ার্ক সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ, বঙ্গোপসাগরে মজুদ নিরূপনে জরিপ পরিচালনা, পোনা অবমুক্তি, কর্মকর্তা-কর্মচারীদের শৃঙ্খলা জনিত কার্যক্রম, নমুনা পরীক্ষণ ফি খাতে প্রাপ্ত অর্থ বরাদ্দ প্রদান, অডিট আপত্তি সংক্রান্ত ১৭ কলামের তথ্য, পেনশনের আবেদন পুরণে সহযোগিতা প্রদান ইত্যাদি নিয়মিত কাজকে সেবা হিসেবে দেখানো হয়েছে;
- প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান এর কলামে শুধুমাত্র প্রাপ্তিস্থান উল্লেখ করা হয়েছে। প্রয়োজনীয় কাগজপত্রের উল্লেখ নেই;
- সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি'র কলামে বিনামূল্যে এবং আইন ও বিধি মোতাবেক উল্লেখ করা হয়েছে। নির্ধারিত পরিমাণ এবং জমা প্রদান পদ্ধতি (চালান, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, নগদ, বিকাশ, রকেট ইত্যাদি) উল্লেখ করতে হবে;
- সেবা প্রদানের সময়সীমা'র কলামে দিন উল্লেখ করা হয়েছে। প্রকৃতপক্ষে এ কলামে কার্যদিবস বা কর্মদিবস উল্লেখ করতে হবে;
- বদলী বা অবসর জনিত কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য হালনাগাদ করা প্রয়োজন;
- মৎস্য অধিদপ্তরের আওতাধীন অন্যান্য দপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি'র মধ্যে উল্লেখ করা হয়েছে, যা অপ্রয়োজনীয়;
- সেবা প্রদান প্রতিশ্রুতি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশের অভিযোগ নিষ্পত্তির সময়সীমা কলামে উল্লেখিত সময় সঠিকভাবে উপস্থাপন করা হয়নি;
- তাছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সে ৪টি ট্যাবের মধ্যে আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা বিষয়ক ট্যাবটি অন্তর্ভুক্ত নেই;
- প্রতিবেদন সংক্রান্ত ট্যাবে কোন প্রতিবেদন আপলোড করা হয়নি।

সুপারিশ:

- মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা অনুযায়ী দ্রুত সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে এবং শুধুমাত্র সেবামূল্য কাঙ্ক্ষিত অস্তিত্ব করতে হবে। উল্লেখ্য, প্রয়োজনীয় কাগজপত্র, সেবামূল্যের পরিমাণ ও সেবামূল্য পরিশোধ পদ্ধতি বিস্তারিত উল্লেখ করতে হবে;
- সেবা প্রদানের সময়সীমা অবশ্যই কর্মদিবস অথবা কার্যদিবস হিসেবে উল্লেখ করতে হবে;
- সেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে;
- সেবা প্রদান প্রতিশ্রুতির অপ্রয়োজনীয় অংশ বাদ দিতে হবে;
- সেবা প্রদান প্রতিশ্রুতি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশের অভিযোগ নিষ্পত্তির সময়সীমা সঠিকভাবে উপস্থাপন করতে হবে;
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা বিষয়ক ট্যাবটি অন্তর্ভুক্তসহ নির্দেশিকা আপলোড করতে হবে; এবং
- প্রতিবেদন সংক্রান্ত ট্যাবে প্রয়োজনীয় প্রতিবেদন আপলোড করতে হবে।




(নূর মোহাম্মদ)
প্রোগ্রামার

ও

সদস্য সচিব

সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি




(মো: আবদুর রহমান)
উপসচিব

ও

সদস্য

সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি



(সুবোল বোস মনি)
অতিরিক্ত সচিব

ও

আহ্বায়ক

সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি